বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস
(একাডেমিক উইং অব বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন)

**সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রতারণামূলক কার্যক্রম হতে সতর্ক থাকার জন্য বিনিয়োগকারীদের জন্য সতর্কবার্তা:**

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর ০৯ সেপ্টেম্বর, ২০২৫ তারিখের বিএসইসি/এমআইআইডি/২০২৩-৩৬/০৫ নং পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক সময়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে পুঁজিবাজারে বিনিয়োগ সংক্রান্ত প্রতারনামূলক কর্মকান্ডের তথ্য পায় বিএএসইসি'র মার্কেট ইন্টেলিজেন্স ডিপার্টমেন্ট। প্রতারকচক্র বিভিন্ন ফেসবুক পেজ বা আইডির মাধ্যমে বিভ্রান্তিকর তথ্য ছড়িয়ে বিনিয়োগকারীদের সাথে প্রতারনার চেষ্টা করছে। প্রতারকচক্র বিভিন্ন রকম চটকদার লোভনীয় বিনিয়োগের প্রলোভন দেখিয়ে বিনিয়োগকারীদের বিভ্রান্ত করছে। এছাড়া বড় অংকের অর্থ হাতিয়ে নিতে অন্যান্য সামাজিক যোগাযোগ মাধ্যম (হোয়াটসঅ্যাপ, টেলিগ্রাম) ব্যবহার করা হয়ে থাকে। এ বিষয়ে সাধারণ বিনিয়োগকারীদের সতর্ক থাকা অত্যাবশ্যক। সে লক্ষ্যে এই সতর্কবার্তা প্রদান করা হ'ল।

## সতর্কবার্তা

১. Bangladesh Securities and Exchange Commission (Research Analyst) Rules, 2013 অনুযায়ী শুধুমাত্র (1) Merchant Bankers, (2) Stock-dealer/Stock-broker, (3) Asset Management Companies, (4) Investment Advisers, (5) Independent Research Firms প্রতিষ্ঠান সমূহ শুধু Research Analyst হিসেবে নিবন্ধিত হতে পারে এবং পুঁজিবাজারের সিকিউরিটিজের মূল্যের হ্রাস/বৃদ্ধি সম্পর্কে বিভিন্ন মতামত প্রদান করতে পারে। এক্ষেত্রে উল্লেখিত গ্রুপ/আইডি সমূহ এই আইনের আওতায় নিবন্ধিত নয়। এমতাবস্থায়, সামাজিক যোগাযোগ মাধ্যমে সকল বিনিয়োগ পরামর্শ গ্রহণের বিষয়ে সতর্ক থাকার জন্য সাধারণ বিনিয়োগকারীগণকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

২. পুঁজিবাজারে বিনিয়োগের জন্য বিও আইডি থাকা (BO ID) আবশ্যক, যা নিবন্ধিত স্টক ব্রোকার বা ডিপোজিটরি পার্টিসিপেন্ট এর মাধ্যমে খোলা হয়। নিজ নামে বিও (BO ID) হিসাব ব্যতিরেকে এবং নিবন্ধিত স্টক ব্রোকার বা মার্চেন্ট ব্যাংকার বা পোর্টফোলিও ম্যানেজারের মাধ্যম ছাড়া পুঁজিবাজারে সিকিউরিটিজ ক্রয়-বিক্রয় বা আর্থিক লেনদেন না করার জন্য অনুরোধ করা হলো।

৩. সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রতারক চক্রের বিষয়ে বা পুঁজিবাজার সংক্রান্ত যে কোন অনিয়মের বিষয়ে তথ্য পাওয়া গেলে তা কমিশনের মার্কেট ইন্টেলিজেন্স ডিপার্টমেন্ট ই-মেইলে (intel@sec.gov.bd) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

তৌ. আ. চৌধুরী

জীবন বীমা টাওয়ার (১৫তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, ফোন: ০২-৫৭১৬১০৩৫/৩৬/৫৪, www.basm.org.bd

বিএসইসি'র সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে প্রাথমিক অনুসন্ধানে কিছু ফেসবুক পেজ বা আইডি বা গ্রপের সন্ধান পায়। ফেসবুক পেজ বা আইডি গ্রুপের নাম ও লিংক নিম্নে প্রদান করা হলো:

| ক্রম | আইডি/গ্রুপের নাম | লিংক |
|---|---|---|
| ১ | শখের শেয়ার বাজার | https://www.facebook.com/ profile.php?id=61579790072044 |
| ২ | BD STOCK EXCHANGE (DSE & CSE) | https://www.facebook.com/ groups/391580888653809/ |
| ৩ | Momin Dse | https://www.facebook.com/ groups/391580888653809/user/ 100016058347627/ |
| ৪ | Ashakaa Rasul Noomani | https://www.facebook.com/groups/391580888653809/user/ 100008105401350/ |
| ৫ | শেয়ার মার্কেট সাকসেস স্ট্রাটেজিস | https://www.facebook.com/ groups/391580888653809/ user/61 574056896483/ |
| ৬ | বাজার বিশ্লেষণ | https://www.facebook.com/profile.php?id=61579257136367 |
| ৭ | আশিকুর রহমান আশিক | https://www.facebook.com/asikura.rahamana.asika.371807 |
| ৮ | Anika Sarah (Consultancy Assetmanagement) | https://www.facebook.com/anika.sarah.142 |
| ৯ | PUBLIC BUSINESS CLUB | https://www.facebook.com/groups/1421914744614689/ |
| ১০ | Planned Investment | https://www.facebook.com/groups/1768873286596084/ |
| ১১ | Caleb Wright | https://www.facebook.com/profile.php?id=61579983105760 |

এমতাবস্থায়, সামাজিক যোগাযোগের মাধ্যমে আসা লোভনীয় প্রলোভন হতে সাধারণ বিনিয়োগকারীদের সচেতন থাকার জন্য সতর্ক করা হ'ল।

তৌ. আ. চৌধুরী

ড. তৌফিক আহমদ চৌধুরী
মহাপরিচালক